

তারিখ : ২৭/০২/২০২৩

বোর্ডবৃত্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি ।

আযম খান সরকারি কমার্স কলেজে অধ্যয়নরত একাদশ শ্রেণি (শিক্ষাবর্ষ ২০২২-২৩) ও অনার্স ১ম বর্ষে (শিক্ষাবর্ষ ২০২১-২২) অধ্যয়নরত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, ২০২২ সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধা ও সাধারণ কোটায় বোর্ডবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের বরাদ্দকৃত অর্থ G2P পদ্ধতিতে (EFT) মাধ্যমে অনলাইনে সরাসরি শিক্ষার্থীদের একাউন্টে প্রেরণ করা হবে ।

এমতাবস্থায় ২০২২ সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষায় বৃত্তিপ্রাপ্ত নিয়মিত অধ্যয়নরত শিক্ষার্থীদের (মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী ব্যতীত) প্রশাসনিক ভবনের ২য় তলা থেকে কলেজ কর্তৃক সরবরাহকৃত তথ্য ফরম সংগ্রহ করে তা পূরণপূর্বক আগামী ১৬/০৩/২০২৩ তারিখের মধ্যে উক্ত স্থানে কলেজ হিসাবরক্ষক এর নিকট জমা দেয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো ।

সঠিক তথ্য সরবরাহে ব্যর্থ হলে বৃত্তিপ্রাপ্তি জটিলতায় সংশ্লিষ্ট শিক্ষার্থী দায়ী থাকবে ।

প্রয়োজনীয় তথ্যাদি :

১। শিক্ষার্থীদের তফসিলভুক্ত ব্যাংকে নিজ নামে ব্যাংক হিসাব খোলার কপি (ইংরেজিতে টাইপ করা নাম সম্বলিত ব্যাংকের দলিল যেমন : MICR চেক বা ব্যাংক স্টেটমেন্ট এর কপি)


বিঃদ্র: ব্যাংক শাখার নাম, রাউটিং নম্বর উল্লেখ থাকতে হবে ।

২। ১৩ - ১৭ ডিজিটের অনলাইন সচল ব্যাংক হিসাব নম্বর (বৃত্তির গেজেটে শিক্ষার্থীদের নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে) ।

৩। কলেজ কর্তৃক সরবরাহকৃত তথ্য ফরম ।

বিঃদ্র: যে সকল শিক্ষার্থীর নিজ নামে ব্যাংক একাউন্ট নাই তাদের পিতা/মাতার সাথে যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খুলতে হবে ।

বিষয়টি অতীব জরুরী ।

 ২৭/০২/২০২৩
প্রফেসর কার্তিক চন্দ্র মন্ডল (৬০৬৪)

অধ্যক্ষ

আযম খান সরকারি কমার্স কলেজ
খুলনা ।